# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৬৯. চুমো দিলে অযু করা প্রসঙ্গে

باب الْوُضُوءِ مِنَ الْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى، وَعَبْدُ الرَّحْمَنِ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي رَوْقٍ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَبَّلَهَا وَلَمْ يَتَوَضَّأْ . قَالَ أَبُو دَاوُدَ كَذَا رَوَاهُ الْفِرْيَابِيُّ وَغَيْرُهُ . قَالَ أَبُو دَاوُدَ وَهُوَ مُرْسَلٌ إِبْرَاهِيمُ التَّيْمِيُّ لَمْ يَسْمَعْ مِنْ عَائِشَةَ . قَالَ أَبُو دَاوُدَ مَاتَ إِبْرَاهِيمُ التَّيْمِيُّ وَلَمْ يَبْلُغْ أَرْبَعِينَ سَنَةً وَكَانَ يُكْنَى أَبَا أَسْمَاءَ .

ـ صحيح

বাংলা

১৭৮। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে চুমো দিয়েছেন, কিন্তু এ জন্য অযু করেননি। [1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ফিরয়াবী এবং অন্যরাও হাদীসটি অনুরূপ বর্ণনা করেছেন। ইমাম আবূ দাউদ (রহঃ) আরো বলেন, এটি মুরসাল হাদীস। কারণ ইব্রাহীম আত-তাইমী ’আয়িশাহ্ (রাঃ) থেকে কিছুই শোনেননি। ইমাম আবূ দাউদ (রহঃ) আরো বলেন, ইব্রাহীম আত-তাইমী চল্লিশ বছরে পদার্পণের আগেই মৃত্যু বরণ করেন। তার কুনিয়াত ছিল আবূ আসমা।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Prophet (ﷺ) kissed me and did not perform ablution.

Abu Dawud said: This tradition is Mursal (i.e. where the link of the Companions is missing and the Successor reports from the Prophet directly). Ibrahim at-Taimi did not hear anything from 'Aishah.

Abu Dawud said: Al-Firyabi and other narrated this tradition in a like manner.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ চুম্বন করলে উযু না করা, হাঃ ১৭০) প্রত্যেকেই সাওরী সূত্রে আবূ যাম'আহ থেকে। আবূ দাঊদ বলেন, এটি মুরসাল বর্ণনা। ইবরাহীম তায়মী 'আয়িশাহ থেকে কিছুই শুনেননি। ইমাম নাসায়ী বলেন, এই অনুচ্ছেদে এর চেয়ে উত্তম হাদীস আর নেই, যদিও তা মুরসাল। তবে হাদীসটিকে মুসলিম সনদে বর্ণনা করেছেন দারাকুতনী (১/২৪/১৪২) সুফয়ান সওরী সূত্রে আবূ রাওমাহ থেকে, তিনি ইবরাহীম আততায়মী থেকে তার পিতা থেকে আয়িশাহ সূত্রে। আয়িশাহ সূত্রে এ হাদীসের সানাদ সহীহ মুত্তাসিল।

-

হাদীস থেকে শিক্ষাঃ স্বামী স্ত্রীকে চুমু দিলে উযু ভঙ্গ হয় না (যদি মযী বা বীর্য নির্গত না হয়)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57496

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন